গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সার ব্যবস্থাপনা ও মনিটরিং (এফএমএম) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-১২.০০.০০০০.০৩২.০৭.০৩৬.১৭-০৬ তারিখঃ ০১/০২/২০১৮

প্রেরকঃ মোঃ নজরুল ইসলাম
গবেষণা কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়

প্রাপকঃ রহমান কাশেম এন্ড কোং কনসোর্টিয়াম, চার্টার্ড একাউনটেন্টস,
সিটি হার্ট ভবন (৩য় তলা), ৬৭ নয়া পল্টন,
ঢাকা-১০০০।

বিষয়ঃ **২০১৬-১৭ অর্থ বছরে বেসরকারি পর্যায়ে আমদানিকৃত টিএসপি, ডিএপি, এমওপি ও এমএপি সারে ভর্তুকির Post-Audit করার জন্য চার্টার্ড একাউনটেন্ট ফার্ম নিয়োগ।**

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, কৃষি মন্ত্রণালয় কর্তৃক ২০১৬-১৭ অর্থ বছরে টিএসপি, ডিএপি, এমওপি ও এমএপি সারে পরিশোধিত ভর্তুকির নিরীক্ষাকল্পে অডিট/চার্টার্ড একাউনটেন্ট ফার্ম নিয়োগের লক্ষ্যে রহমান কাশেম এন্ড কোং কনসোর্টিয়াম, চার্টার্ড একাউনটেন্টস'কে টন প্রতি নিরীক্ষা ফি ৩.৪৫ টাকা (ট্যাক্স ও ভ্যাট অন্তর্ভুক্ত) দরে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো।

২। পোস্ট-অডিট কাজটির প্রধান শর্ত সমূহ নিম্নরূপঃ

১। ক. চূড়ান্ত কার্য পরিধি (TOR) অনুযায়ী কর্মসম্পাদন করা।

খ. টেকনিক্যাল প্রস্তাবে উল্লিখিত জনবল দ্বারা এবং প্রয়োজনে আরো অতিরিক্ত জনবল নিয়োগের মাধ্যমে অডিট ফার্ম নির্ধারিত সময়ে কাজ সম্পাদন করা।

২। ক. অডিট রিপোর্টে প্রত্যেক আমদানিকারক কর্তৃক সার, ডিলারের নিকট বিক্রিত সার এবং কৃষকদের নিকট প্রকৃত বিক্রয়ের বিষয়টি জেলাওয়ারী বরাদ্দের সাথে মিলিয়ে উক্ত বরাদ্দের অতিরিক্ত সার বরাদ্দ উত্তোলন/বিক্রি হয়েছে কিনা পরীক্ষা করতে হবে।

খ. অডিট রিপোর্টে ডিলারওয়ারী প্রতিবেদনের বিক্রয় তথ্যসহ বাৎসরিক তথ্য থাকতে হবে।

৩। ক. সারের ভর্তুকি প্রদানের বিষয়ে প্রচলিত সকল সরকারী বিধি-বিধান ও পদ্ধতি অনুসরণপূর্বক প্রকৃত প্রদেয় ভর্তুকির হিসাব নিরূপন করতে হবে। এ বিষয়ে অডিট ফার্মের চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় সকল তথ্যাদি কৃষি মন্ত্রণালয় সরবরাহ করবে।

খ. ২০১৬-১৭ অর্থ বছরে সার আমদানিকারকদের তালিকা এবং আমদানির জন্য অনুমোদিত সারের পরিমাণ এবং আমদানিকৃত সারের আমদানি মূল্য সংক্রান্ত তথ্যাদি অডিট ফার্মের চাহিদা অনুযায়ী কৃষি মন্ত্রণালয় সরবরাহ করবে।

চলমান পাতা-২

গ. অনুমোদিত সার ডিলারের তালিকা সংশ্লিষ্ট জেলা প্রশাসক/ উপ-পরিচালক (কৃষি সম্প্রসারণ অধিদপ্তর) নিকট হতে অডিট ফার্ম সংগ্রহ করবে।

৪। ক. অডিট ফার্ম টন প্রতি সারের নিরীক্ষা ফি ৩.৪৫ টাকা প্রাপ্য হবেন। কোন পুনভরণযোগ্য ব্যয় পৃথকভাবে প্রদান করা হবে না, অডিট ফার্মের উল্লিখিত দরের মধ্যে সকল ব্যয় অন্তর্ভুক্ত আছে।

খ. অডিট শেষে অডিট রিপোর্ট দাখিলে পর অডিট ফার্মের চূড়ান্ত ফি পরিশোধযোগ্য হবে। তবে অডিট চলাকালে আংশিক বা চলতি বিল পরিশোধ করা যাবে। সে ক্ষেত্রে কোন জেলা বা বিভাগের অডিট কাজ সম্পূর্ণ শেষ হলে সম্পাদিত কাজের দাবীকৃত বিলের সর্বোচ্চ ৫০% পরিশোধ করা যেতে পারে। কোন এলাকার অডিটের জন্য আংশিক বিল দাবী করা হলে দাবীকৃত বিলের সাথে সে সকল এলাকা (জেলা বা বিভাগ) এর সম্পূর্ণ সম্পাদিত খসড়া অডিট রিপোর্ট দাখিল করতে হবে।

গ. বেসরকারী আমদানিকারক কর্তৃক আমদানীকৃত এবং ভর্তুকির আওতায় বিক্রয়ের জন্য ছাড়কৃত টিএসপি, ডিএপি, এমওপি ও এমএপি সারের মধ্যে যে পরিমাণ সার অনুমোদিত ডিলারের মাধ্যমে কৃষক পর্যায়ে প্রকৃত বিক্রয় হয়েছে তা অডিট ফার্ম নিরূপন করবে এবং তারই ভিত্তিতে অডিট ফার্মের ফি পরিশোধ করা হবে।

৫। ক. অডিট ফার্ম কর্তৃক টেকনিক্যাল প্রস্তাবে প্রদত্ত ফ্লোচার্ট অনুযায়ী মন্ত্রণালয়কে অডিট পরিকল্পনা, অডিট টেস্টিং পর্যায়, অডিটের ফলাফল অবহিত করতে হবে।

খ. ডিলার কর্তৃক কৃষক পর্যায়ে বেসরকারিভাবে আমদানিকৃত সার বিক্রয়ের কমপক্ষে ৫% অডিট ফার্ম সরেজমিনে পরীক্ষা করে দেখবে।

গ. প্রয়োজনীয় ক্ষেত্রে, অর্থাৎ প্রাপ্ত তথ্যের সঠিকতা সম্পর্কে নিশ্চিত না হওয়া গেলে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/মেম্বার ও উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের নিকট থেকে সারের প্রাপ্যতা, মান ও মূল্য ইত্যাদি বিষয়ে তথ্য সংগ্রহপূর্বক অডিট প্রতিবেদনে তা প্রতিফলিত করতে হবে।

৬। অডিট রির্পোট চূড়ান্ত করার পূর্বে প্রাপ্ত তথ্য উপাত্ত সম্পর্কে নিশ্চিত হওয়ার প্রয়োজনে অডিট ফার্ম মন্ত্রণালয়ের সাথে আলোচনা করতে পারবে।

৭। ক. অডিটস্থলে গমনের পূর্বে অডিট দলের তালিকা, সময়সূচী ও অডিট পরিকল্পনাসহ অন্যান্য বিষয়াদি কৃষি মন্ত্রণালয়, সংশ্লিষ্ট জেলা প্রশাসক, উপ-পরিচালক (কৃষি সম্প্রসারণ অধিদপ্তর), উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা কৃষি কর্মকর্তাকে অবহিত করতে হবে। কৃষি মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত অফিসার/ জেলা প্রশাসক/উপ-পরিচালক (কৃষি সম্প্রসারণ অধিদপ্তর)/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা কৃষি কর্মকর্তা সময়ে সময়ে অডিট টিমের কার্যক্রম সরেজমিনে পরীক্ষা করতে পারবেন।

খ. প্রতিটি অডিটস্থলে অডিট শুরুর পরে অডিট টিম সংশ্লিষ্ট জেলা প্রশাসক/ উপ-পরিচালক (কৃষি সম্প্রসারণ অধিদপ্তর) এবং উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা কৃষি কর্মকর্তার নিকট হতে প্রত্যয়নপত্র গ্রহণ করবে এবং তা অডিট রিপোর্টের সাথে দাখিল করতে হবে।

গ. অডিট দলকে সহযোগিতা প্রদানের জন্য সকল জেলা প্রশাসক, উপ-পরিচালক (কৃষি সম্প্রসারণ অধিদপ্তর), উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা কৃষি অফিসার, আমদানিকারক ও সার ডিলারসহ সংশ্লিষ্ট সকল ব্যক্তি/প্রতিষ্ঠানকে কৃষি মন্ত্রণালয় অনুরোধ জানাবে।

ঘ. অডিট ফার্ম মন্ত্রণালয়ে কাজের জন্য অডিট টিমের তালিকা প্রদানপূর্বক গেট পাশের জন্য আবেদন করবে। মন্ত্রণালয় গেট পাশের ব্যবস্থা করবে এবং অডিট কাজের জন্য অডিট টিমের সদস্যদের বসার ব্যবস্থা করবে।

৩। এমতাবস্থায়, বর্ণিত শর্তসমূহের আলোকে ২০১৬-১৭ অর্থ বছরে টিএসপি, ডিএপি, এমওপি ও এমএপি সারের ভর্তুকি প্রদানকৃত অর্থের হিসাব নিরীক্ষা (Post-Audit) সম্পন্ন করার নিমিত্তে ৭ (সাত) কর্মদিবসের মধ্যে চুক্তিমূল্যের ৪% (শতকরা চার ভাগ) কার্য-সম্পাদন জামানত প্রদানসহ সম্মতি পত্র প্রদান করে চুক্তি সম্পাদনের জন্য অনুরোধ করা হলো। অন্যথায়, এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০২/০২/২০১৮
(মোঃ নজরুল ইসলাম)
গবেষণা কর্মকর্তা
ফোনঃ ৯৫৫০৯৭৩

<u>অনুলিপি (কার্যার্থে)</u>

১। উপ-সচিব, (প্রশাসন-৪/ প্রশাসন-২ সেবা) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়।
২। যুগ্ম-সচিব, নিরাপত্তা-২ অধিশাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৩। জেলা প্রশাসক (সকল) {তাঁর অধীনে সকল উপজেলা নির্বাহী অফিসার'কে এ কাজে সহযোগিতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানানো হচ্ছে}
৪। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (সকল জেলা) {তাঁর অধীনে সকল উপজেলা কৃষি অফিসার'কে এ কাজে সহযোগিতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানানো হচ্ছে}
৫। প্রধান হিসাব রক্ষণ অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৬। হিসাব রক্ষণ অফিসার, কৃষি মন্ত্রণালয় ।
৭। চেয়ারম্যান, বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন (বিএফএ),আলরাজি কমপ্লেক্স (৬ষ্ঠ তলা) ১৬৬-১৬৭ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী পুরানা পল্টন, ঢাকা-১০০০ {বিএফএ'এর সদস্যভূক্ত সকল আমদানিকারক ও ডিলার'কে এ কাজে সহযোগিতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানানো হচ্ছে}।

<u>অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):</u>

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
৪। সচিবের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
৫। অতিরিক্ত সচিব (প্রঃ ও উঃ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয় ।